গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫- ৮৯০ তারিখ: ২৩ জুলাই ২০২৫

বিষয়: ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ মোস্তফা জামান
পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
সভার তারিখ ও সময় : ২৩ জুলাই ২০২৫ খ্রি. বিকাল- ৩.০০ টা
স্থান : পরিচালকের কক্ষ, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। ক্রীড়া পরিদপ্তরের অভ্যন্তরীণ সমন্বয় সভায় বিষয়ভিত্তিক আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| নং | বিষয় | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১. | ডি-নথি সংক্রান্ত | ডি-নথি সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং ডি-নথির মাধ্যমে পত্র জারির উপর গুরুত্ব আরোপ করা হয়। | মন্ত্রণালয়ে প্রেরিতব্য সকল মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বাৎসরিক রিপোর্ট ডি-নথির মাধ্যমে প্রদানের বিষয়ে সিদ্ধান্ত হয় এবং ডি-নথির মাধ্যমে জনাব মোহাম্মদ হাছান তারেক, প্রধান সহকারী এবং জহুরুল হক জনি, অফিস সহ: কা: ক: মু: সংশ্লিষ্ট শাখা থেকে পত্র জারি করবেন। | সংশ্লিষ্ট সকল শাখা, ক্রীড়া পরিদপ্তর ও জেলা ক্রীড়া অফিসার (সকল)। |
| ২. | বিভাগীয় মামলা সংক্রান্ত | ১। জনাব মোঃ রেজাউল করিম<br>২। জনাব সম্রাট মন্ডল<br>৩। জনাব মোঃ মাহামুদ হাছান আরজু এর বিভাগীয় মামলা চলমান রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান সহকারী |
| ৩. | রিট মামলা সংক্রান্ত | ১। আব্দুল আজিজ ও গং<br>২। মোঃ মনজুরুল হাসান ও গং<br>৩। মোহাম্মদ হাছান তারেক<br>৪। নাজমা রশিদ (বাস্তবায়ন মামলা) এর রিট মামলা চলমান রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান সহকারী |
| ৪. | অডিট আপত্তি সংক্রান্ত | সর্বমোট অডিট আপত্তি ৩৫ টি।<br>মোট টাকার পরিমান- ৩,৭৩,০৯,৩৭৮/- (তিন কোটি তেহাত্তর লক্ষ নয় হাজার তিন শত আটাত্তর) টাকা। | সংশ্লিস্ট সকলের সাথে যোগাযোগ করে অডিট আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) এবং জনাব মোঃ জহুরুল হক জনি, অ:সহ:কা:ক:মুদ্রা: |
| ৫. | জনবল নিয়োগ | ক্রীড়া পরিদপ্তর ও এর আওতাধীন দপ্তর/সংস্থার ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। | নিয়োগ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। এ সংক্রান্ত কমিটির সভা আহ্বান করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) |
| ৬. | পদ সৃজন | ১। বিভাগীয় অফিস সম্পর্কিত আলোচনা হয়। বিভাগীয় পর্যায়ে অফিস স্থাপনের নিমিত্ত ৬ষ্ঠ বারের মতো অর্থ মন্ত্রণালয়ে | ১। বিভাগীয় পর্যায়ে অফিস স্থাপনে ৩৫ টি পদ সৃজনের নিমিত্ত অর্থ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে | সহকারী পরিচালক (প্রশাসন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রস্তাব প্রেরণ করা হয়।<br><br>২। উপজেলা পর্যায়ে ক্রীড়া অফিস স্থাপন বিষয়ে আলোচনা হয়।<br>৩। ক্রীড়া পরিদপ্তরে ICT Cell গঠনের নিমত্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কার্যবিবরণী ক্রীড়া পরিদপ্তরে প্রেরন করা হয়। কার্যবিবরণীতে ICT Cell গঠন বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। উপজেলা পর্যায়ে ক্রীড়া অফিস স্থাপনে ২০১ টি পদ সৃজনের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠাতে হবে।<br>৩। ICT Cell গঠনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে পাঠাতে হবে। | |
| ৭. | সিটিজেন চার্টার হালনাগাদ | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সিটিজেন চার্টারের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। ক্রীড়া পরিদপ্তর, জেলা ক্রীড়া অফিস এবং সরকারি শারীরিক শিক্ষা কলেজসমুহের সিটিজেন চার্টার হালনাগাদ করা প্রয়োজন। | ক্রীড়া পরিদপ্তর, জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজের তিন পর্যায়ের **সিটিজেন চার্টার** হালনাগাদ করতে হবে। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর বরাবর উপস্থাপন করবেন আগামী ২৬ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত কর্মকর্তাবৃন্দ।<br>১। ক্রীড়া পরিদপ্তরের সহকারী পরিচালক (সংগঠন)। ২। জেলা ক্রীড়া অফিস- জেলা ক্রীড়া অফিসার, ঢাকা ও জেলা ক্রীড়া অফিসার, মৌলভীবাজার এবং ৩। সরকারি শারীরিক শিক্ষা কলেজ- অধ্যক্ষ, ঢাকা ও বরিশাল। | ১। কলেজ পর্যায়: ক) অধ্যক্ষ জনাব মোঃ মুমিনুল হাসান, অধ্যক্ষ ও খ) মোঃ রুবেল খান, প্রভাষক<br>২। পরিদপ্তর- জনাব মোঃ আজিম হোসেন, সহকারী পরিচালক (সংগঠন) ও<br>৩। জেলা পর্যায়: ক) জনাব সুমন কুমার মিত্র, জেলা ক্রীড়া অফিসার |
| ৮. | ওয়েবসাইট হালনাগাদকরণ | ক্রীড়া পরিদপ্তর, সকল জেলা ক্রীড়া অফিস ও সরকারি শারীরিক শিক্ষা কলেজের ওয়েবসাইট হালনাগাদ বিষয়ে আলোচনা হয়।<br>১। জেলা ক্রীড়া অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ ও প্রতিযোগিতা কর্মসূচির ছবি, ভিডিও এবং খেলোয়াড় তালিকা ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়।<br>২। সরকারি শারীরিক শিক্ষা কলেজে অধ্যয়নরত বিপিএড ও এমপিএড প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ (নাম, ঠিকানা, মোবাইল নম্বরসহ যাবতীয় তথ্য) ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করার বিষয়ে আলোচনা করা হয়। | ১। জেলা ক্রীড়া অফিস কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ ও প্রতিযোগিতা কর্মসূচির ছবি, ভিডিও এবং খেলোয়াড় তালিকা ইত্যাদি ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>২। সরকারি শারীরিক শিক্ষা কলেজে অধ্যয়নরত বিপিএড ও এমপিএড প্রশিক্ষণার্থীদের ডাটাবেজ তালিকা ওয়েবসাইটে আপলোড করতে হবে। | অধ্যক্ষ (সকল), সহকারী পরিচালক (প্রশাসন) ও জেলা ক্রীড়া অফিসার (সকল) |
| ৯. | গাড়ি সংক্রান্ত | গাড়ির ট্যাক্স টোকেন বকেয়ার বিষয়ে আলোচনা হয়। | গাড়ির ট্যাক্স টোকেন মওকুফের জন্য BRTA বরাবর পত্র প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও মোঃ জহুরুল হক জনি, অফিস সহ:কা:ক:মু: |
| ১০. | অফিস স্থানান্তর | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর অফিস স্থানান্তরের বিষয়ে আলোচনা করেন। ক্রীড়া পরিদপ্তরের প্রধান কার্যালয় আদমজী কোর্ট এনেক্স-২ ভবন মতিঝিলে দ্রুত সময়ের মধ্যে স্থানান্তর করার বিষয়ে | ১ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে ক্রীড়া পরিদপ্তরের নতুন অফিস আদমজী কোর্ট এনেক্স-২ ভবন মতিঝিলে স্থানান্তর করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে | সহকারী পরিচালক (সংগঠন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভায় আলোচনা হয়। | হবে। এ বিষয়ে গণপূর্ত বিভাগ মতিঝিল যোনের সাথে যোগাযোগ করতে হবে। | |
| ১১. | বার্ষিক ক্রীড়াপঞ্জি-২০২৫-২৬ | ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়াপঞ্জি সম্পর্কে আলোচনা করা হয়। ১৫ জুলাই ২০২৫ তারিখের মধ্যে বার্ষিক ক্রীড়াপঞ্জি-২০২৫-২৬ প্রস্তুত করে ওয়েবসাইটে আপলোড করা লাগবে। | দায়িত্বরত কর্মকর্তা বার্ষিক ক্রীড়াপঞ্জি-২০২৫-২৬ প্রস্তুত করবেন এবং তা অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করবেন। | সহকারী পরিচালক (সংগঠন) |
| ১২. | জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৫ ও আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট-২০২৫ | জাতীয় পর্যায়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৫ ও আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট-২০২৫ সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। | জাতীয় পর্যায়ে জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট-২০২৫ ও আন্তঃকলেজ ফুটবল টুর্নামেন্ট-২০২৫ আয়োজনের নিমিত্ত বাজেট বিভাজন করে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও মোঃ জহরুল হক জনি, অফিস সহ:কা:ক:মু: |
| ১৩. | ক্রীড়া পরিদপ্তরের ৭ টি ক্রীড়া কার্যক্রমের বিভাজন | ক্রীড়া পরিদপ্তরের ৭ টি ক্রীড়া কর্মসূচির বিভাজন বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ক্রীড়া পরিদপ্তরের ৭ টি ক্রীড়া কর্মসূচির আর্থিক বরাদ্দের বিভাজন অনুমোদনের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন) ও প্রধান সহকারী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.০৭.২০২৫

মোঃ মোস্তফা জামান
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৪১০৫৩৮১৫
ই-মেইল: director@ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.০০০.১০৩.০৬.০০০১.২৫-৮৯০ তারিখ: ২৩ জুলাই ২০২৫

**বিতরণ: কার্যার্থে**

১. অধ্যক্ষ, সরকারি শারীরিক শিক্ষা কলেজ, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা (বাগেরহাট)/বরিশাল/ময়মনসিংহ;

২. জেলা ক্রীড়া অফিসার (সকল) ..........................;

৩. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা;

৪. জনাব ....................................পদবি: .............................................;

**সদয় অবগতি:**

১. সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২৬/০৭/২০২৫

এস, আই, এম ফেরদৌউস আলম
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০৫৩৮১৭
ই-মেইল: ada@ds.gov.bd